

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০১

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কোন লোকের প্রশ্নের জবাব ইশারা-ইঙ্গিতে দেওয়া জায়েয, যদিও সেটি সেই অবস্থায় লোকটির প্রশংসাজ্ঞাপক না হয়

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إِبَاحَةِ جَوَابِ الْمَرْءِ بِالْكِنَايَةِ عَمَّا يَسْأَلُ وَإِنْ كَانَ فِي تِلْكَ الْحَالَةِ مدحه

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ عَنْ عَمْرِو بْنِ دِينَارِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ:

بَيْنَمَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْسِمُ غَنِيمَةً بِالْجِعْرَانَةِ إِذْ قَالَ لَهُ رَجُلُ: اعْدِلْ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

[تعليق الشيخ الألباني] صحيح _ ((ظلال الجنة)) (943).

الحديث: 101 ¦ الجزء: 1 ¦ الصفحة: 210

বাংলা

১০১. জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম জিরানাহ নামক স্থানে গনীমাতের মাল ও সোনারূপা বন্টন করছিলেন। তখন এক ব্যক্তি তাঁকে বললো, ইনসাফ করুন। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হায় আফসোস! আমিই যদি ইনসাফ না করি, তবে আমি তো বড়ই হতভাগ্য হয়ে যাব![1]



ফুটনোট

[1] আলবানীঃ সহীহ। আরনাউত্বঃ বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: বুখারী, ৩১৩৮; আহমাদ ৩/৩৩২; , ৩৫৩, ৩৫৪, ৩৫৫; মুসলিম ১০৬৩; ইবনু মাজাহ ১৭২। এটি বুখারী ও মুসলিমে এ শব্দেও এসেছে: আমিই যদি ইনসাফ না করি, তবে তুমি তো বড়ই হতভাগ্য ও ক্ষতিগ্রস্ত হয়ে যাবে!

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন